

লিগ্যাল এইড ডব্লিউ এ আপনাকে আপনার আইনগত সমস্যাগুলো বোঝাতে সাহায্য করে এবং সেগুলোর সমাধানের উপায় খুঁজে পেতে সহায়তা করে।


আমরা কীভাবে আপনাকে সাহায্য করতে পারি তা নির্ভর করে আপনার আইনগত সমস্যা, আপনার ব্যক্তিগত পরিস্থিতি, এবং আমাদের সংস্থানের ওপর।

লিগ্যাল এইড ডব্লিউ এ-এর কী কী সেবা আছে?

- বিনামূল্যে তথ্য, সংস্থান ও প্রকাশনা যা আমাদের ওয়েবসাইটের থেকে পাওয়া যায়।
- ইনফোলাইন টেলিফোন - [1300 650 579](tel:1300650579)
- আইনগত উপদেশের জন্য অ্যাপয়েন্টমেন্ট এবং নীচের সমস্যাগুলোয় সহায়তা প্রদান:
 - অপরাধের অভিযোগ
 - পারিবারিক কলহ, চাইল্ড সাপোর্ট, যন্ত্র ও প্রতিরক্ষা আবেদনসমূহ
 - নিয়ন্ত্রণের আদেশ
 - ভোক্তা বিষয়ক সমস্যা, ঋণ, চাকুরীগত সমস্যা, অভিভাবকত্ব ও প্রশাসনিক, ইন্স্যুরেন্স দাবী, বন্ধক-এর চাপ, মোটরযান সম্পদের ক্ষয়ক্ষতি, সামাজিক নিরাপত্তা, এবং অপরাধীর অপরাধের শিকারদের ক্ষতিপূরণ।
- ম্যাজিস্ট্রেট কোর্ট, চিলড্রেন কোর্ট এবং ফ্যামিলি কোর্টে একজন কর্তব্যরত আইনজীবীর উপদেশ ও সহায়তা সেবা। আদালতের বিচারের সময় আমাদের কর্তব্যরত আইনজীবী আপনাকে উপস্থাপন করতে পারবেন না।
- সাহায্যের অনুমোদনের ব্যাপারে একজন আইনজীবীর অবিরত উপস্থাপন।
- কমিউনিটি গ্রুপ ও জনসাধারণের জন্য আইনগত শিক্ষা সংস্থান।

আমার কোনো দোভাষী প্রয়োজন হলে কি হবে?

ইংরেজী বলতে ও বুঝতে যাঁদের সমস্যা আছে সেসব মানুষদের আমরা আমাদের সাধ্যমত সাহায্য করে থাকি। আপনি যদি আরেকটি ভাষায় কথা বলতে চান, তবে আমরা সাহায্যের জন্য একজন দোভাষীর ব্যবস্থা করতে পারি।



আপনি ইনফোলাইনে কল করলে বা আমাদের অফিসে আসলে, আমাদেরকে জানান যে আপনি কোন ভাষায় কথা বলেন। আমরা একজন দোভাষীর ব্যবস্থা করবো এবং দোভাষীর উপস্থিতিতে আমাদের সাথে আপনার আইনগত সমস্যার ব্যাপারে কথা বলার জন্য সময় ঠিক করবো।

আপনি যদি কোনো অ্যাপয়েন্টমেন্টে দোভাষী ব্যবহার করতে চান, অনুগ্রহ করে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করার সময় তা আমাদের জানান।

আপনি যদি কোর্টে যান, তবে আপনি কোর্টের সাথে যোগাযোগ করে আপনার জন্য একজন দোভাষীও নির্দেশ দিতে পারেন। আপনি যদি কোর্টে থাকেন এবং সেখানে কোনো দোভাষী না থাকে, তবে আমাদের কর্তব্যরত আইনজীবীকে বলুন যেন তিনি আপনার ব্যাপারটি অন্য আরেকদিন করার জন্য সাহায্য করেন এবং বলুন যেন পরবর্তী সময়ের জন্য একজন দোভাষীর ব্যবস্থা করেন।

আমাদের সাথে যোগাযোগ করুন

ইনফোলাইন প্রতি কর্মদিবসে সকাল ৯.০০টা থেকে বিকেল ৪.০০ টা (ওয়েস্টার্ন স্ট্যান্ডার্ড টাইম) পর্যন্ত খোলা থাকে- ফোন করুন [1300 650 579](tel:1300650579) নম্বরে।

আমাদের কেন্দ্রীয় অফিস 32 St Georges Terrace, Perth-এ অবস্থিত। আমাদের **অন্যান্য বৃহত্তর আঞ্চলিক কেন্দ্রও আছে।**